দৈনিক জনকণ্ঠ

২৬৩

তারিখ NOV. 15 1999
পৃষ্ঠা ১২ কলাম ৪

ভিপি জিএস পদে প্রতিদ্বন্দ্বিতা

# আজ ঢামেকসু নির্বাচন ক্যাম্পাসে পুলিশ মোতায়েন

**মেডিক্যাল রিপোর্টার** ॥ ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ (ঢামেকসু) নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে আজ সোমবার। অন্য কোন পদে প্রতিদ্বন্দ্বী না থাকায় শুধুমাত্র ভিপি এবং জিএস পদেই নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে ভিপি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন বিদ্যুৎ বড়ুয়া (ছাত্রলীগ) এবং বিপ্লব কুমার রায় (স্বতন্ত্র)। অন্যদিকে জিএস পদের

(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## আজ ঢামেকসু

(১২-এর পাতার পর)

প্রতিদ্বন্দ্বীরা হচ্ছেন জাহিদুর রহমান শাওন (ছাত্রলীগ) এবং মাহবুবুর রহমান সাইফ (ছাত্র ইউনিয়ন)। মোট বিশটি পদের বাকি আঠারোটিতে ছাত্রলীগের প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

গত ৩ নবেম্বর মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিনে ছাত্রলীগ দু'টি প্যানেল, ছাত্রদল একটি প্যানেল এবং ছাত্র ইউনিয়ন একটি আংশিক প্যানেল জমা দেয়। এ ছাড়া গত ছাত্র সংসদের জিএস বিপ্লব কুমার রায় ভিপি পদে স্বতন্ত্র প্রার্থী হিসাবে মনোনয়নপত্র জমা দেন। পরবর্তীতে সমঝোতার প্রেক্ষিতে ছাত্রলীগের দু'টি প্যানেল একীভূত হয়ে একটি পূর্ণাঙ্গ প্যানেল জমা দেয়। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিনে ছাত্রদল তাদের প্যানেল প্রত্যাহার করে নেয় এবং ছাত্র ইউনিয়ন শুধুমাত্র জিএস পদে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত নেয়।

ছাত্রলীগ (ঢামেক শাখা) নেতাদের মতে, ছাত্রলীগের অভ্যন্তরীণ বিরোধ মিটে যাওয়ায় ছাত্রদল নিশ্চিত পরাজয়ের আশঙ্কায় নির্বাচন বর্জন করেছে। অপরদিকে ছাত্রদল জানিয়েছে, নির্বাচনের সুষ্ঠু পরিবেশ না থাকায় তারা নির্বাচন বর্জন করতে বাধ্য হয়েছে। গোলযোগের আশঙ্কায় কলেজ ক্যাম্পাসে এবং হলে পুলিশ মোতায়েন করা হয়েছে।